# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 28 June, 2025

শনিবার (২৮ জুন) সকাল সাড়ে ১০টার দিকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পথে ভান্ডারিয়া এলাকায় মনিরা মারা গেছেন। পাথরঘাটা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন। মুনিরা পাথরঘাটা উপজেলার চরদুয়ানী ইউনিয়নের হোগলাপাশা গ্রামের মোহাম্মদ মোজাম্মেল কাজীর মেয়ে এবং সদর ইউনিয়নের পদ্মা গ্রামের মনির মিয়ার স্ত্রী।তিনি দুই সন্তানের মা; ১০ বছরের একটি ছেলে ও ৬ বছরের একটি মেয়ে।উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান জানান, কয়েকদিন আগে ডেঙ্গুতে আক্রান্ত হন মনিরা।বৃহস্পতিবার তাকে হাসপাতালে ভর্তি করা হয়।শনিবার সকালে তার প্ল্যাটিলেট কমে গেলে উন্নত চিকিৎসার জন্য বরিশাল পাঠানো হয়।পথে তার মৃত্যু হয়।

শনিবার (২৮ জুন) সকাল সাড়ে ১০টার দিকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পথে ভান্ডারিয়া এলাকায় মনিরা মারা গেছেন।পাথরঘাটা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।

মুনিরা পাথরঘাটা উপজেলার চরদুয়ানী ইউনিয়নের হোগলাপাশা গ্রামের মোহাম্মদ মোজাম্মেল কাজীর মেয়ে এবং সদর ইউনিয়নের পদ্মা গ্রামের মনির মিয়ার স্ত্রী।তিনি দুই সন্তানের মা; ১০ বছরের একটি ছেলে ও ৬ বছরের একটি মেয়ে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান জানান, কয়েকদিন আগে ডেঙ্গুতে আক্রান্ত হন মনিরা।বৃহস্পতিবার তাকে হাসপাতালে ভর্তি করা হয়।শনিবার সকালে তার প্ল্যাটিলেট কমে গেলে উন্নত চিকিৎসার জন্য বরিশাল পাঠানো হয়।পথে তার মৃত্যু হয়।

ডেঙ্গু আক্রান্ত নিরা মারা গেছেন বরিশাল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:13

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073866